অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/21/2021 **গভর্নর ক্যাথি হোকল**

বাফেলোর সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে 76 মিলিয়ন ডলারের নতুন সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্প ও তাজা খাবারের বাজার চালু হতে যাচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

201 এলিকট ট্রানজিটমুখী এই অঞ্চলে 201টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট ও 22,000-বর্গফুটের মুদিবাজার তৈরি করছে

সংস্কারকৃত ব্রাউনফিল্ডের ওপরে এই উন্নয়ন প্রকল্প নির্মিত হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে বাফেলোতে 201টি মিশ্র-আয়ের সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট ও 22,000-বর্গফুটের একটি নতুন তাজা খাবারের বাজার নিয়ে 76 মিলিয়ন ডলারের একটি নতুন উন্নয়ন প্রকল্প শীঘ্রই চালু হতে যাচ্ছে। ব্রাউনফিল্ড সংস্কারের মধ্য দিয়ে যাওয়ার পর বাফেলোর সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে যথাযথভাবে ব্যবহৃত না হওয়া সিটির মালিকানাধীন জমির একটি পার্কিং লটে 201 এলিকট নির্মিত হয়েছে।

"সাশ্রয়ী আবাসন তৈরি ও সুরক্ষিত করা সমৃদ্ধ কমিউনিটি গড়ে তোলার একটি ভিত্তি এবং আমার প্রশাসন এসব প্রচেষ্টাকে বাস্তবে রূপ দেয়ার জন্য প্রয়োজনীয় বিনিয়োগ করতে দৃঢ় প্রতিজ্ঞ," **বলেছেন গভর্নর হোকল।** "এই প্রকল্প, যেটি বাফেলোর সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টের প্রাণকেন্দ্রে কয়েক শতাধিক সাশ্রয়ী ইউনিট তৈরি করবে, এই কাজের সর্বশেষ উদাহরণ এবং একটি সমৃদ্ধ বাফেলো অর্জনের পথে এগিয়ে যাওয়ার একটি বৃহৎ পদক্ষেপের প্রতিনিধিত্ব করে।"

201 এলিকটের এই আবাসিক ভবনে 131টি এক-বেডরুমের অ্যাপার্টমেন্ট ও 70টি দুই-বেডরুমের অ্যাপার্টমেন্ট রয়েছে। অধিকাংশ অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যমান আয়ের 60 শতাংশ বা তার কম আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে। 44টি অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যমান আয়ের (AMI) 80 শতাংশ পর্যন্ত আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে।

ভবনের সুযোগ-সুবিধাগুলোর মধ্যে রয়েছে কিচেনেট সহ একটি কমিউনিটি রুম, একটি জিম, প্রত্যেক ফ্লোরে একটি করে লন্ড্রোম্যাট, একটি অন-সাইট ট্রানজিট শেল্টার, এবং বাইসাইকেল মেরামতের স্টেশন সহ একটি বাইসাইকেল সংরক্ষণের জায়গা। এছাড়াও এই ভবনে বাফেলো সিটির প্রথম মোবিলিটি হাব অবস্থিত, যা গো বাফেলো নায়াগ্রার (GO Buffalo Niagara) মাধ্যমে বাসিন্দাদের জন্য বহুমুখী পরিবহন সমাধান প্রদান করবে।

আউটডোর সুযোগ-সুবিধাগুলোর মধ্যে রয়েছে একটি ল্যান্ডস্কেপকৃত ও আসবাবপত্র দিয়ে সাজানো চিত্তবিনোদনের জায়গা এবং একটি অন-সাইট রেডি বাইক (Reddy Bike) স্টেশনে অ্যাক্সেস।

এই সম্পত্তির মধ্যে একটি পৃথক বাজার অন্তর্ভুক্ত রয়েছে যেখানে সাশ্রয়ী মূল্যে তাজা খাবার, ক্যাফের পরিবেশে প্রস্তুতকৃত খাবার, ক্যাটারিং, পাইকারি বিক্রয়, ও মৌসুমি জিনিসপত্র পাওয়া যাবে। এছাড়াও এই প্রকল্প বাফেলো ও এরি কাউন্টি পাবলিক লাইব্রেরি এবং অসংখ্য রেস্তোরাঁ ও বিনোদনের ভেন্যু সহ ডাউনটাউনের অন্য সংস্থানসমূহ ও আকর্ষণগুলোর কাছাকাছি অবস্থিত।

ডেভেলপার হলো সিমিনেলি রিয়েল এস্টেট কর্পোরেশন (Ciminelli Real Estate Corporation)। বর্তমানে অ্যাপার্টমেন্ট লিজ দেয়ার কাজ চলছে এবং বেলমন্ট হাউজিং এক্ষেত্রে সমন্বয় করছে।

2015 সালে, বাফেলো সিটি এলিকট, ওক, ক্লিনটন স্ট্রিট এবং সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে নায়াগ্রা ফ্রন্টিয়ার ট্রান্সপোর্টেশন অথরিটির (Niagara Frontier Transportation Authority) মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন সেন্টার দিয়ে ঘেরা 380-ইউনিট জমির পার্কিং লট পুনর্নির্মানের জন্য প্রস্তাব আহবান করে। সম্পত্তিটি একটি ব্রাউনফিল্ড হিসেবে বিবেচনা করা হয়েছিল এবং স্টেটের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রামের (Brownfield Cleanup Program) মাধ্যমে সংস্কার ও দূষণমুক্ত করা আবশ্যক ছিল।

এই আবাসিক উন্নয়ন প্রকল্পের জন্য স্টেটের অর্থায়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে 10.5 মিলিয়ন ডলারের স্থায়ীভাবে করমুক্ত বন্ড, নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল ও স্টেট পর্যায়ের কর ক্রেডিট, যা 21.8 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে, এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) তরফ থেকে 19.1 মিলিয়ন ডলারের ভর্তুকি। এছাড়াও HCR বাণিজ্যিক ভবনের জন্য 5.5 মিলিয়ন ডলার অর্থায়ন করেছে। নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) ব্রাউনফিল্ড কর ক্রেডিট বরাদ্দ করেছে যা $12 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে।

HCR কমিশনার রুথ-অ্যান ভিসনোসকাস বলেন, "201 এলিকট যোগ হওয়ার ফলে বাফেলোর সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টের উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। 76 মিলিয়ন ডলারের 201টি অ্যাপার্টমেন্ট উন্নয়নের প্রকল্পটি ভূপৃষ্ঠের একটি পার্কিং লটকে ট্রানজিট-অভিমুখী উন্নয়ন দিয়ে প্রতিস্থাপন করা, এবং মুদি সামগ্রীর সহজ অ্যাক্সেস প্রদান করে এমন একটি তাজা খাবারের বাজার অন্তর্ভুক্ত করার মাধ্যমে আমাদেরকে স্টেটের কার্বন হ্রাসের লক্ষ্যমাত্রার কাছাকাছি নিয়ে যাচ্ছে। যখন আমাদের ডাউনটাউনগুলো লোকজন স্বাচ্ছন্দ্যে বসবাস করতে, হাঁটতে অথবা কর্মস্থলে যাওয়ার জন্য বাইক চালাতে পারবে এমন স্থানে পরিণত হয়, তখন স্থানীয় অর্থনীতির উন্নতি ঘটে, এবং পরিবেশ উন্নত হয়।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ কর্মসূচি যথাযথভাবে ব্যবহার না হওয়া কয়েক শতাধিক সম্পত্তিকে উৎপাদনমুখী ব্যবহারে ফিরিয়ে আনা, নতুন আবাসন ও কর্মসংস্থানের সুযোগ তৈরির মাধ্যমে স্টেটজুড়ে কমিউনিটিগুলোর পুনর্জন্মকে এগিয়ে নিয়ে যাচ্ছে। বাফেলোর

সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে একটি পুরোনো ব্রাউনফিল্ডের ওপর নির্মিত 201 এলিকট স্ট্রিট অ্যাপার্টমেন্ট প্রকল্প আশেপাশের অঞ্চলের জন্য নতুন ব্রেমিলার মার্কেট (Braymiller Market) থেকে তাজা খাবার পাওয়ার সুবিধাজনক অ্যাক্সেসের পাশাপাশি সফলভাবে নতুন সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট পৌঁছে দিচ্ছে। এই রূপান্তরমূলক প্রকল্পে ভূমিকা রাখতে পেরে DEC গর্বিত, যা স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করবে এবং এই কমিউনিটির জীবনযাত্রার মান উন্নত করবে।"

সিমিনেলি রিয়েল এস্টেট কর্পোরেশনের প্রেসিডেন্ট ও CEO, পল সিমিনেলি বলেন, "এই প্রকল্প সম্পৃক্ত সবার ভিশন ও দৃঢ় প্রতিজ্ঞ মনোভাবের সাক্ষ্য বহন করে। আমরা সম্মিলিতভাবে কাজ করে আগে যেটি ভূপৃষ্ঠের পার্কিং লট ছিল, সেটিকে ডাউনটাউনের মূল অংশের মধ্যে একটি প্রাণবন্ত ও সংযুক্ত গন্তব্যস্থলে রূপান্তর করেছি। এখানে 201 এলিকটে আবাসন, খাদ্য, বাণিজ্য, ও যাতায়াত সবকিছু একসঙ্গে আমাদের সিটিকে সমৃদ্ধ করার জন্য চলমান কাজের একটি গুরুত্বপূর্ণ মাইলফলক প্রদান করছে।"

সিনেটর টিমোথি কেনেডি বলেন, "201 এলিকট স্ট্রিট ও নিকটস্থ ব্রেমিলার মার্কেট প্রকল্পটি সম্পন্ন হওয়ার মধ্য দিয়ে আমরা ডাউনটাউন বাফেলোতে ঘনত্ব আরো বেশি বৃদ্ধি করছি এবং এই বর্ধিত জনসংখ্যার জন্য তাজা, স্বাস্থ্যকর, ও টেকসই খাবারের ব্যবস্থা থাকার বিষয়টি নিশ্চিত করছি। বাফেলোর জনসংখ্যা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে এই প্রকল্পের মতো প্রকল্পগুলো সিটির স্মার্ট উপায়ে সমৃদ্ধ হওয়ার বিষয়টি নিশ্চিত করবে। এসব প্রকল্প সম্ভব করে তুলতে কাজ করে যাওয়া সবাইকে অভিনন্দন জানাই।"

NYS অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা, ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "বাফেলোর সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে 76 মিলিয়ন ডলারের মিশ্র-ব্যবহারের আবাসন উন্নয়ন ও তাজা খাবারের বাজার প্রকল্পের নির্মাণকাজ সমাপ্ত হওয়ার বিষয়টি বাসিন্দাদের জন্য সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করার মাধ্যমে আমাদের কমিউনিটিকে পুনরুজ্জীবিতকরণে সাহায্য করতে স্টেটের সম্পদগুলো চমৎকারভাবে কাজে লাগানোর একটি উজ্জ্বল দৃষ্টান্ত। নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল, সিমিনেলি রিয়েল এস্টেট কর্পোরেশন এবং এই প্রকল্পকে বাস্তবরূপ দেয়ার ক্ষেত্রে যাদের নেতৃত্ব অবদান রেখেছে এমন অন্যান্য কমিউনিটি স্টেকহোল্ডারদের সবাইকে আমি ধন্যবাদ জানাই।"

এরি কাউন্টির এক্সিকিউটিভ মার্ক পোলনকার্জ বলেন, "201 এলিকটের এই প্রকল্প লোকজনকে একত্রিত করে ও কমিউনিটি তৈরি করে এমন একটি বিনিয়োগের মাধ্যমে একটি অব্যবহৃত পার্কিং লটকে প্রতিস্থাপন করে বাফেলোর ডাউনটাউনের প্রাণকেন্দ্রে প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন ও তাজা খাবারের অপশন নিয়ে আসবে। এটি বাফেলোর অব্যাহত রূপান্তরের একটি ভালো উদাহরণ এবং সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে এটি একটি উষ্ণ সংযোজন হবে।"

বাফেলোর মেয়র বাইরন ডব্লিউ. ব্রাউন বলেন, "201 এলিকট স্ট্রিট প্রকল্প আমাদের কমিউনিটিতে উচ্চ-মানের, সাশ্রয়ী আবাসন নির্মাণ অব্যাহত রাখার জন্য আমার প্রশাসনের অগ্রাধিকারগুলোর সাথে সঙ্গতিপূর্ণ, যা আমাদের বাসিন্দারা সমৃদ্ধ জীবনযাপন করতে পারবেন এমন প্রাণবন্ত, মিশ্র-আয়ের এলাকা তৈরি করা ও সহায়তা প্রদান করার জন্য আমাদের প্রচেষ্টাসমূহকে আরো এগিয়ে নিয়ে যাচ্ছে।"

201 এলিকট প্রকল্পটি স্টেটের 100,000 এরও বেশি সামর্থ্যের মধ্যে থাকা বাড়ি এবং 6,000টি সহায়তামূলক পরিষেবাসহ বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনকে অ্যাক্সেসযোগ্য করা এবং গৃহহীনতা মোকাবেলা করার পাঁচ-বছর মেয়াদী 20 বিলিয়ন ডলারের নজিরবিহীন আবাসন পরিকল্পনার অংশ। 2011 সাল থেকে নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) বাফেলোতে $307 মিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ করেছে যা 3,200 এরও বেশি সামর্থ্যের মধ্যে বাড়ি তৈরি বা সংরক্ষণ করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418